

কাস্টমস আইন, ২০২৩ এ যে সকল সংশোধনী আনা হয়েছে:

(ক) কাস্টমস আইন, ২০২৩ এর নিম্নোক্ত ধারাসমূহ সংশোধন করা হয়েছে:

ক্রমিক নং	বিষয়	কাস্টমস আইন, ২০২৩ এর সংশ্লিষ্ট ধারা
(১)	(২)	(৩)
১	কাস্টমস কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারীর পরিবর্তে আদেশ জারীর বিধান করা হয়েছে	ধারা ৪
২	চেয়ারম্যান এবং সদস্য (কাস্টমস) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বোর্ড এর ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন সংক্রান্ত বিধান সংযোজন	ধারা ৬ এর উপ-ধারা (১)
৩	কাস্টমস কর্মকর্তাকে তার অব্যবহিত উচ্চতর পদে ক্ষমতা অর্পণের ক্ষেত্রে সরকারি গেজেটে প্রজ্ঞাপন জারীর পরিবর্তে বোর্ডের আদেশ জারীর বিধান করা হয়েছে	ধারা ৬ এর উপ-ধারা (১ক)
৪	কাস্টমস শুল্ক ও কর বকেয়ার ক্ষেত্রে সুদ গণনার সময়কাল নির্ধারণ সংক্রান্ত বিধান সংশোধন করা	ধারা ৩২ এর উপ-ধারা (৪)
৫	গ্যারান্টির প্রকার এবং মেয়াদ নির্ধারণের ক্ষেত্রে কমিশনারের পরিবর্তে বিধি দ্বারা নির্ধারণের বিধান করা হয়েছে	ধারা ৪১ এর উপ-ধারা (২)
৬	গ্যারান্টি প্রদানের আবশ্যিকতা হতে অব্যাহতি প্রদানের ক্ষেত্রে কমিশনারের ক্ষমতা সংক্রান্ত বিধান বিলুপ্ত করা	ধারা ৪৪ এর উপ-ধারা (২)
৭	পণ্য ঘোষণা সংক্রান্ত সংশোধন যুক্তিসঙ্গত করার লক্ষ্যে নতুন উপ-ধারা সংযোজন	ধারা ৮৬ এর উপ-ধারা (৪)
৮	অখালাসকৃত পণ্য সরকারের নিকট হস্তান্তরের ক্ষেত্রে মেয়াদ নির্ধারণ সংক্রান্ত বিধান সংশোধন	ধারা ৯৪ এর উপ-ধারা (২)
৯	বিধিতে অপরাধ চিহ্নিতকরণ ও দণ্ড আরোপের বিধান সন্নিবেশ করার লক্ষ্যে নতুন উপ-ধারা সংযোজন	ধারা ১৭১ এর উপ-ধারা (৪)
১০	চলতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের ন্যায়নির্ণয়ন ক্ষমতা সংশ্লিষ্ট আইনে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে নতুন উপ-ধারা সংযোজন	ধারা ২০২ এর উপ-ধারা (৪)
১১	আপিল ট্রাইব্যুনাতে বিচারার্থী কোন মামলায় আপিলকারীর স্থগিতাদেশ প্রদানের আবেদন বিষয়ে আপিল ট্রাইব্যুনাতে কর্তৃক আইনানুগ সিদ্ধান্ত প্রদান	ধারা ২২৭ এর উপ-ধারা (৫)
১২	আপিল ট্রাইব্যুনাালের আদেশ জারী সংক্রান্ত বিষয়ে ধারা উল্লেখের ক্ষেত্রে করণিক নুটি সংশোধন	ধারা ২২৯

ক্রমিক নং	বিষয়	কাস্টমস আইন, ২০২৩ এর সংশ্লিষ্ট ধারা
(১)	(২)	(৩)
১৩	দেওয়ানি আদালতে মামলা দায়ের বারিত বিষয়ে সংশোধনী	ধারা ২৫২
১৪	শুধুমাত্র আদালতের নির্দেশনা মেনে তদন্তের প্রয়োজনে তথ্য প্রদানের বিধান	ধারা ২৬১ এর উপ-ধারা (১) এর দফা (গ)
১৫	বিশেষায়িত কার্যকরী ইউনিট সংক্রান্ত বিধান সন্নিবেশকরণ	ধারা ২৬৪ক
১৬	যে কোনো কার্যক্রম ইলেকট্রনিক মাধ্যমে সম্পাদন করার আইনী বিধান সংযোজন	ধারা ২৬৫ এর উপ-ধারা (১)
১৭	কাস্টমস আইন, ২০২৩ কার্যকর হওয়ায় অন্য কোন আইনে Customs Act, 1969 উল্লেখ থাকিলে তা কাস্টমস আইন, ২০২৩ এর মাধ্যমে প্রতিস্থাপন সংক্রান্ত নতুন বিধান সংযোজন	ধারা ২৭০

(খ) কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিল প্রবর্তন।